গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

পরিকল্পনা শাখা

সভাপতি : জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

তারিখ : ২৯.১০.২০১৭ খ্রিঃ

সময় : বেলা ১২:৩০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ | নাম | পদবী | দপ্তর |
|---|---|---|---|
| ০১। | জনাব এ এফ এম শাহরিয়ার মোল্লা | সদস্য, এনবিআর ও প্রকল্প পরিচালক | বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প |
| ০২। | জনাব মোঃ আমিনুল বর চৌধুরী | যুগ্মসচিব (প্রশাসন ও পরিকল্পনা) | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ০৩। | জনাব কে. আর. শাহরিয়ার | উপসচিব | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| ০৪। | জনাব শামীম আহম্মেদ | পরিচালক | প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ০৫। | জনাব মোঃ আব্দুল আখের | সিনিয়র সহকারী প্রধান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ০৬। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সিনিয়র সহকারী প্রধান | পরিকল্পনা কমিশন |
| ০৭। | জনাব মুহাম্মদ ইমতিয়াজ হাসান | দ্বিতীয় সচিব (শু:রপ্তানী ও বন্ড) | এনবিআর |
| ০৮। | জনাব মোহাম্মদ হাতেম | সাবেক ১ম সহ সভাপতি | বিকেএমইএ |
| ০৯। | জনাব মো: মনির হোসেন | পরিচালক | বিজিএমইএ |
| ১০। | জনাব মো: কামাল হোসেন | যুগ্ম পরিচালক | বিজিএমইএ |
| ১১। | জনাব মোঃ সফিকুর রহমান | মূল্যায়ন কর্মকর্তা | আইএমইডি |

৩.০ উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করে বলেন, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ" শীর্ষক প্রকল্পটি মোট ৮১১৫.১১ লক্ষ (একাশি কোটি পনের লক্ষ এগার হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ০৬-০৬-২০১৭ খ্রি: তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের অনুকূলে এ বিভাগের ১৬-০৮-২০১৭ খ্রি: তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে গত ২৮.০৯.২০১৭ তারিখে জনাব এ.এফ.এম. শাহরিয়ার মোল্লা, সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে "বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা হয়েছে। প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ, প্রারম্ভিক কার্যাদি এবং অন্যান্য বিষয়ে আলোচনার জন্য অদ্যকার সভাটি আহবান করা হয়েছে।

৪.০ আলোচনাঃ

৪.১ আলোচনার শুরুতেই পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটিতে কো-অপ্ট করার বিষয়ে প্রকল্প পরিচালক প্রস্তাব দেন। তিনি আরো বলেন যে, আলোচ্য প্রকল্পের কো-অর্ডিনেশন কমিটিতে বন্ড কমিশনারকে অন্তর্ভুক্ত করা সমীচীন হবে। সভায় তার প্রস্তাব গ্রহণ করা হয়।

৪.২ আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, যেহেতু আলোচ্য প্রকল্পটি মাত্র ২ (দুই) বছরে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছে সেহেতু প্রকল্পের বাস্তবায়ন কমিটির সভা মাসে ২ (দুই) বার এবং স্টিয়ারিং কমিটির সভা কমপক্ষে ১ (এক) বার আহবান করা যেতে পারে। এর ফলে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করা যাবে বলে আশা করা যায়।

৪.৩ সভায় প্রকল্পের ১ম বছর অর্থাৎ ২০১৭-১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা উপস্থাপন করে প্রকল্প পরিচালক প্রস্তাব করেন যে, ডিপিপির সংস্থান অনুযায়ী এ বছরের জন্য নির্ধারিত ৬০.০৫ কোটি টাকা বরাদ্দ করা যায়। এ বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান দ্বিমত পোষণ করে বলেন যে, ২০১৭-১৮ অর্থবছরে ইতোমধ্যে ৪ (চার) মাস অতিবাহিত হয়েছে। প্রকল্পটি এডিপি প্রণয়নের পর অনুমোদিত হওয়ায় প্রকল্পের জন্য এ বিভাগের থোক বরাদ্দ হতে অর্থ চাইতে হবে যা নিয়মানুযায়ী পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের সুপারিশের ভিত্তিতে কার্যক্রম বিভাগ বরাদ্দ করবে। ফলে অর্থ পেতে আরো ১০-১৫ দিন সময় লেগে যেতে পারে। একারণে ২০১৭-১৮ অর্থবছরের সম্পূর্ণ অর্থ প্রকল্পের অনুকূলে বরাদ্দ করা সমীচীন হবে না । সেক্ষেত্রে বরং অর্থবছরের অবশিষ্ট অংশের জন্য এর অর্ধেক অর্থাৎ ৩০.০০ (ত্রিশ) কোটি টাকা চাওয়া যেতে পারে। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

৪.৪ সভায় প্রকল্পের প্রারম্ভিবক কার্যাদী শুরু করার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। এ বিষয়ে সভাপতি মহোদয় প্রকল্পের জন্য একটি ইনসেপশন ওয়ার্কশপ আয়োজনের নির্দেশনা দিয়ে বলেন যে, এতে সকল স্টেকহোল্ডারকে সম্পৃক্ত করতে হবে। অধিকন্তু তিনি প্রকল্প বাস্তবায়নের সকল ক্ষেত্রে প্রাইভেট সেক্টরকে সার্বিকভাবে সম্পৃক্ত করার তাগিদ প্রদান করেন। সভায় নভেম্বর মাসের শেষ সপ্তাহে ইনসেপশন ওয়ার্কশপ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫.০ সিদ্ধান্তঃ

অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৫.১ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটিতে কো-অপ্ট করা হলো।

৫.২ প্রকল্পের কো-অর্ডিনেশন কমিটিতে বন্ড কমিশনারকে অন্তর্ভূক্ত করতে হবে;

৫.৩ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা মাসে ২ (দুই) বার এবং স্টিয়ারিং কমিটির সভা কমপক্ষে ১ (এক) বার আহবান করতে হবে;

৫.৪ প্রকল্পের প্রস্তাবিত ২০১৭-১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুমোদন করা হলো এবং এ জন্য মোট ৩০.০০ (ত্রিশ) কোটি টাকা বরাদ্দ চাওয়া যেতে পারে;

৫.৫ ২০১৭ সালের নভেম্বর মাসের শেষ সপ্তাহে ইনসেপশন ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

৫.৬ প্রকল্প বাস্তবায়নের সকল ক্ষেত্রে প্রাইভেট সেক্টরকে সার্বিকভাবে সম্পৃক্ত করতে হবে।

৬.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব
ও
সভাপতি
প্রকল্প স্টিয়ারিং কমিটি
বন্ড ব্যবস্থাপনা
স্বয়ংক্রিয়করণ প্রকল্প

নং-০৮.০০.০০০০.০৩৯.১৪.১২.১৬ (অংশ-১).২৭৩ তারিখঃ ১২-১১-২০১৭ খ্রিঃ

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সচিব, আইএমইডি, শেরে বাংলানগর, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব, তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ, শেরে বাংলানগর, ঢাকা।
৪। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৫। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৬। সদস্য (শুল্ক রপ্তানী ও বন্ড) ও প্রকল্প পরিচালক, 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। যুগ্ম প্রধান, এনইসি, একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৮। সভাপতি, বিজিএমইএ, কাওরান বাজার, ঢাকা।
৯। সভাপতি, বিকেএমইএ, কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি ঃ

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
২। যুগ-সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা(চঃ দাঃ), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২/১১/১৭

(মোঃ আব্দুল আখের)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ০২ ৯৫৫৪৪৮২